

**বাজারমূল্য পর্যবেক্ষণ,মনিটরিং ও মূল্যায়ন কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ জনাব জেলী আজার,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়,উপজেলা পরিষদ,সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখ ও সময়ঃ ০৯/০৯/২০২১খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ০৯/০৯/২০২১খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বাজার মূল্য পর্যবেক্ষণ,মনিটরিং ও মূল্যায়ন কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব জেলী আজার এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান।কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ় করণ করা হয়।
০২	কৃত্রিম সংকট দেখিয়ে দ্রব্যের মূল্য বৃদ্ধিঃ	কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ আবুতাহের, চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর সভাকে জানান যে,বড়বড় আরতদারেরা যাতে কৃত্রিম সংকট তৈরী করতে না পারে সেদিকে নজর রাখার জন্য অনুরোধ করেন। বাজারে অধিকাংশ দোকানদার দ্রব্য বিক্রির সময় ক্রেতাদের নিকট থেকে দ্রব্যের কৃত্রিম সংকট দেখিয়ে চড়া মূল্যে দ্রব্য বিক্রয় করেন। তাই এ বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং বিষয়ে এপ্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করার জন্য সভাকে অবহিত করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে একমত পোষণের সিদ্ধান্ত গৃহিত হয়।
০৩	বাজারে দ্রব্যের মূল্য তালিকা প্রদর্শনঃ	সম্মানিত সদস্য জনাব মোঃ বোরহান উদ্দিন মাদল,চেয়ারম্যান,ভাটারা ইউনিয়ন পরিষদ,সরিষাবাড়ী,জামালপুর সভাকে জানান যে,ভাটারা বাজারের বেশীর ভাগ মুদি দোকানে প্রয়োজনীয় দ্রব্যের মূল্য সম্বলিত মূল্য তালিকা প্রদর্শন করা হয় না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন।	বিশদ আলোচনান্তে এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ জেলী আক্তার)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন কমিটি,  
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারকনং- ১০২১-১৭৪

তারিখঃ ০৯/০৯/২০২১খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন  
কমিটি, সরিষাবাড়ী, জামালপুর।

০৪। অফিস নথি।

(মোঃ মাহবুবুল আলম তরফদার)

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

ও

সদস্য সচিব

বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন কমিটি,  
সরিষাবাড়ী, জামালপুর।

পরিশিষ্ট “ক”

০৯/০৯/২০২১খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদেরনাম	পদবী
০১	জনাব মোছাঃ জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।	সভাপতি
০২	চেয়ারম্যান মোঃ আবুতাহের সাতপোয়া ইউনিয়ন পরিষদ সরিষাবাড়ী।	সদস্য
০৩	চেয়ারম্যান মোঃ আশরাফুল আলম (মানিক) পোগলদিঘা ইউনিয়ন পরিষদ সরিষাবাড়ী।	সদস্য
০৪	চেয়ারম্যান মোঃ বোরহানউদ্দিন বাদল ভাটারা ইউনিয়ন পরিষদ সরিষাবাড়ী।	সদস্য
০৫	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সরিষাবাড়ী।	সদস্য সচিব